# খালেদা জিয়ার মৃত্যুতে সৌদি বাদশাহ ও যুবরাজের গভীর শোক



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন সৌদি আরবের বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ আল সৌদ এবং যুবরাজ ও প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন সালমান। তারা মরহুমার রুহের মাগফিরাত কামনা করে মহান আল্লাহর কাছে দোয়া করেছেন এবং শোকাহত পরিবারের প্রতি সহানুভূতি প্রকাশ করেছেন।

বৃহস্পতিবার দুই পবিত্র মসজিদের খাদেম বাদশাহ সালমান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনের কাছে পাঠানো এক শোকবার্তায় খালেদা জিয়াকে চিরশান্তি দান, তার গুনাহ ক্ষমা এবং জান্নাতে উচ্চ মর্যাদা দানের জন্য প্রার্থনা করেন। একই সঙ্গে তিনি মরহুমার পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান। যুবরাজ মোহাম্মদ বিন সালমান পৃথক বার্তায় অনুরূপ অনুভূতি ব্যক্ত করেন।

উল্লেখ্য, বেগম খালেদা জিয়া গত ৩০ ডিসেম্বর ২০২৫ সালে ৮০ বছর বয়সে ইন্তেকাল করেন। পরদিন ৩১ ডিসেম্বর রাজধানীর জিয়া উদ্যানে তার স্বামী শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধির পাশে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তাকে দাফন করা হয়।

LENS ASIA